**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 09-09-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি হিসাবে অমলেন্দু দাশ এবং উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি হিসেবে অপর্ণা নাথ আজ শপথ গ্রহণ করেন ।**

**(২) নতুনদিল্লিতে আজ ৫৪তম GST কাউন্সিলের বৈঠক অনুষ্ঠিত হয় ।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই মাসের ২৯ তারিখ, রবিবার আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশে জনগণের সঙ্গে মতবিনিময় করবেন। এই অনুষ্ঠানে জন্য পরামর্শ এই মাসের ২৭ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে ।**

**(৪) ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজ বিকালের খেলায় লালবাহাদুর ব্যায়ামাগার জয়লাভ করেছে ।**

**************************************

**Sworn-in :**

ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি হিসাবে আজ শপথ গ্রহণ করলেন অমলেন্দু দাশ। সহকারী সভাধিপতি হয়েছেন সন্তোষ ধর। আজ কৈলাশহরে, ঊনকোটি জিলাপরিষদের কনফারেন্স হলে নবনির্বাচিত সদস্য-সদস্যারা শপথ নেন। তেরো সদস্য এর মধ্যে আজ শপথ নিলেন এগারো জন। শপথ বাক্য পাঠ করান, পঞ্চায়েত অধিকর্তা প্রসূন দে। পরে এক সভায় উপস্থিত সদস্য-

সদস্যারা সভাধিপতি ও সহকারী সভাধিপতি নির্বাচিত করেন। নবনির্বাচিত সভাধিপতি ও সহকারী সভাধিপতিকে শপথবাক্য পাঠ করান পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের সচিব, ডক্টর সন্দীপ আর রাঠোড়। শপথগ্রহণ অনুষ্ঠানে বিশিষ্টদের মধ্যে উপস্থিত ছিলেন, শিল্প বাণিজ্য মন্ত্রী শান্তনা চাকমা, বিধায়ক ভগবান চন্দ্র দাস প্রমুখ।

*****************************

**Oath Taking-North :**

উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি হিসেবে অপর্ণা নাথ ও সহকারি সভাধিপতি হিসেবে ভবতোষ দাস আজ শপথ গ্রহণ করেন। ধর্মনগরের বিবেকানন্দ সার্ধশতবার্ষিকী ভবনে আয়োজিত শপথ গ্রহণ অনুষ্ঠানে তাদের শপথবাক্য পাঠ করান পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন দপ্তরের সচিব ড. সন্দীপ আর রাঠোর। এর আগে উত্তর ত্রিপুরা জিলা পরিষদের নবনির্বাচিত ১৭ জন সদস্য-সদস্যাকে শপথবাক্য পাঠ করান পঞ্চায়েত দপ্তরের অধিকর্তা প্রসূন দে। শপথ গ্রহণ অনুষ্ঠানে বক্তব্য রাখেন বিধানসভার অধ্যক্ষ বিশ্ববন্ধু সেন, শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক যাদবলাল দেবনাথ, ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন মিতালী রাণী দাস সেন, উত্তর ত্রিপুরা জেলার জেলাশাসক দেবপ্রিয় বর্ধন, জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী।

****************************

**GST :**

নতুনদিল্লিতে আজ ৫৪তম GST কাউন্সিলের বৈঠক অনুষ্ঠিত হয়। কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারামনের সভাপতিত্বে অনুষ্ঠিত এই বৈঠকে অর্থ প্রতিমন্ত্রী পঙ্কজ চৌধুরী এবং রাজ্যগুলির অর্থমন্ত্রীরাও উপস্থিত ছিলেন। জিএসটি কাউন্সিলের শেষ বৈঠক এই বছরের জুনে অনুষ্ঠিত হয়েছিল যেখানে কাউন্সিল সমস্ত ইস্পাত, লোহা

এবং অ্যালুমিনিয়ামের দুধের ক্যানের উপর ১৩ শতাংশ অভিন্ন হারের জিএসটির সুপারিশ করেছিল। কাউন্সিল আরও সুপারিশ করেছিল যে ভারতীয় রেলওয়ের দ্বারা সাধারণ মানুষের কাছে প্ল্যাটফর্ম টিকিট বিক্রি, রিটায়ারিং রুম এবং ওয়েটিং রুমগুলির সুবিধা এবং ব্যাটারি চালিত গাড়ি পরিষেবাগুলিতে কোনও জিএসটি আরোপিত হবে না।

***************************

**Cm relief fund :**

বনমন্ত্রী অনিমেষ দেববর্মা আজ বন্যা দুর্গতদের জন্য মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিলে ৫০ হাজার টাকা প্রদান করেন। তাছাড়া ত্রিপুরা সিভিল সার্ভিস অফিসার্স এসোসিয়েশনের পক্ষ থেকে ১৩ লক্ষ ৪৮ হাজার ৮৯ টাকা, বনদপ্তরের কর্মীরা ১০ লক্ষ টাকা প্রদান করেন।

****************************

**Health Camp-Jolaibari :**

জোলাইবাড়ি দ্বাদশ স্কুলের প্রাক্তন ছাত্র-ছাত্রীদের উদ্যোগে আজ জোলাইবাড়ি ব্লকের কলসীর রামঠাকুর আশ্রম, দেবদারু দ্বাদশ স্কুল ও জোলাইবাড়ি দ্বাদশ স্কুলে তিনটি স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। কলসী রামঠাকুর আশ্রমে ২৪২ জন রোগী দেবদারু দ্বাদশে ৩৭৩ জন ও জোলাইবাড়ি দ্বাদশে ২৪৪ জন রোগীকে চিকিৎসা পরিষেবা প্রদান ও বিনামূল্যে ঔষধ প্রদান করা হয়। জোলাইবাড়ি দ্বাদশ স্কুলের প্রাক্তন ছাত্র-ছাত্রীদের পক্ষ থেকে ২৪২ জন বন্যাদূর্গত মানুষকে সহায়তা করা হয়।

*****************************

**PM-JANMAN-South :**

পিএম জনমন কর্মসূচির প্রচার ও সুবিধাভোগীদের কাছে প্রশাসনিক সুযোগ সুবিধা পৌঁছে দেওয়ার লক্ষ্যে আজ দক্ষিণ জেলার বকাফা ব্লকের লক্ষীছড়া ভিলেজের বিনয় প্রসাদ পাড়া

হাইস্কুলে এক প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে ৫২ জনকে চিকিৎসা পরিষেবা, ২৫ জনকে উপজাতি শংসাপত্র ৬ জনকে ত্রিপুরায় স্থায়ী বসবাসের শংসাপত্র, ২০টি গৃহপালিত পশুর চিকিৎসা পরিষেবা প্রদান সহ বিভিন্ন সুযোগ সুবিধা প্রদান করা হয়।

************************

**PM JANMAN-Unakoti :**

ভারত সরকারের প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান বা পিএম-জনমন বিষয়ে এক বিশেষ শিবির আজ ঊনকোটি জেলার গৌরনগর ব্লকের জলাই পঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গনে অনুষ্ঠিত হয়। এখানে ব্রু বা রিয়াং জনগোষ্ঠির নাগরিকদের জন্য বিবিধ সুবিধা তথা পরিসেবা প্রদান করা হয়। এরমধ্যে ছিল, P.R.T.C / S.T সার্টিফিকেট, আধার ও আয়ুষ্মান কার্ডের জন্য নথীভুক্তিকরণ ইত্যাদি। গৌরনগর ব্লকের B.D.O প্রনয় দাস জানান, রিয়াং সম্প্রদায়ের আর্থ-সামাজিক মান উন্নয়নে এধরনের বিশেষ শিবিরের আয়োজন। সংশ্লিষ্ট ব্লক এলাকায় আজ সপ্তম বিশেষ শিবিরের আয়োজন করা হয়েছে।

****************************

**Manas Debbarman :**

রাজ্যের বিশিষ্ট সাহিত্যিক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব মানস দেববর্মণ আজ দুপুরে আগরতলার কৃষ্ণনগরে তার নিজ বাসভবনে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৩ বছর। তিনি দুই কন্যা ও স্ত্রী রেখে গেছেন। তিনি ত্রিপুরা পাবলিক সার্ভিস কমিশনের চেয়ারম্যান এবং ইউ পি এস সি-র সদস্য ছিলেন। এম বি বি কলেজের অধ্যাপক হিসেবে প্রথম চাকুরী জীবন শুরু হয় তার। মানস দেববর্মণের মৃত্যু সংবাদ ছড়িয়ে পড়ার সঙ্গে সঙ্গে শিল্পী সাহিত্যিক মহলে শোকের ছায়া নেমে আসে। প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার তার বাসভবনে গিয়ে

শেষ শ্রদ্ধা জানান। প্রয়াতের মরদেহ রবীন্দ্র ভবন প্রাঙ্গণে আনার পর রাজ্য সরকারের পক্ষে তথ্য সংস্কৃতি দপ্তর থেকে পুষ্পার্ঘ প্রদান করা হয়। সেখানে এছাড়া সাংবাদিক, শিল্পী, সাহিত্যিকরা তাকে শেষ শ্রদ্ধা জানান। রবীন্দ্র ভবন থেকে মৃতদেহ নিয়ে যাওয়া হয় উমাকান্ত একাডেমিতে। সন্ধ্যায় বটতলা মহাশ্মশানে তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়।

মানস দেববর্মণের প্রয়াণে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গভীর শোক প্রকাশ করেছেন। শোকবার্তায় মুখ্যমন্ত্রী বলেন, 'প্রয়াত মানস দেববর্মণ ছিলেন রাজ্যের একজন বিশিষ্ট কবি, লেখক এবং সমাজ মনস্ক একজন সৃজনশীল ব্যক্তিত্ব। তার মৃত্যুতে রাজ্য একজন সৃষ্টিশীল সাংস্কৃতিক ব্যক্তিত্ব ও বর্ষীয়ান অভিভাবককে হারাল'।

শোকবার্তায় মুখ্যমন্ত্রী প্রয়াত মানস দেববর্মণের বিদেহী আত্মার চিরশান্তি কামনা করেছেন এবং শোকাহত পরিবার পরিজনদের গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

**************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এই মাসের ২৯ তারিখ, রবিবার আকাশবাণীতে মন কি বাত অনুষ্ঠানের ১১৪ তম পর্বে দেশ-বিদেশের জনগণের সঙ্গে তার চিন্তাভাবনা ভাগ করে নেবেন। 1800-11-7800 এই টোল ফ্রি নম্বরে জনগণ তাদের মতামত এবং পরামর্শ পাঠাতে পারেন। 1922 নম্বরে মিস কল দিয়ে প্রাপ্ত লিঙ্কে এসএমএসে করেও পরামর্শ পাঠাতে পারেন। নরেন্দ্র মোদী অ্যাপ বা MyGov ওপেন ফোরামের মাধ্যমেও মতামত পাঠানো যাবে। আসন্ন পর্বের জন্য পরামর্শ এই মাসের ২৭ তারিখ পর্যন্ত গ্রহণ করা হবে।

***************************

**BSF SECURITY :**

ত্রিপুরায় ভারত বাংলাদেশ সীমান্তে বি এস এফ-এর কঠোর নজরদারি রয়েছে। আগরতলায় বি এস এফ -এর এক মুখপাত্র আনন্দ কুমার জানিয়েছেন, বেআইনিভাবে যাতে কেউ ভারতে প্রবেশ করতে না পারে তার জন্য সীমান্তে রাতদিন সতর্ক নজর রাখা হয়েছে। ইতিমধ্যে বেশ কয়েকজন বেআইনি অনুপ্রবেশকারীকে আটকও করা হয়েছে।

*************************

**Deputation :**

দৈনিক মজুরি বৃদ্ধি, বকেয়া বেতন পরিশোধ সহ বিভিন্ন দাবিতে আজ বনমিত্র কর্মীরা গোর্খাবস্তীস্থিত বন দপ্তরে অধিকর্তার নিকট ডেপুটেশন প্রদান করেন। তাদের অভিযোগ, নূন্যতম বেতনের কারণে তাদের আর্থিক দিক দিয়ে সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। অবিলম্বে মজুরি বৃদ্ধির দাবি পূরণ করা না হলে আগামী দিনে বৃহত্তর আন্দোলনে সামিল হবেন বলে তারা জানান।

*************************

**Train :**

আগরতলা সাব্রুম রুটে ট্রেন চলাচল আজও বন্ধ রয়েছে। এই রুটে আগামীকালের সমস্ত ট্রেন বাতিল ঘোষণা করা হয়েছে। এন এফ রেলওয়ের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা জানান আগামী ১৫ সেপ্টেম্বরের আগে এই রুটে ট্রেন চলাচল সম্ভব নয়। রেললাইন সংস্কারের কাজ দ্রুতগতিতে চলছে।

***************************

**CITU :**

সি.আই.টি.ইউ-র রাজ্য সভাপতি মানিক দে আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে জানান, ১৪ দফা দাবি নিয়ে সি.আই.টি.ইউ আগামী ২৫শে সেপ্টেম্বর শ্রম দপ্তরে গণডেপুটেশন প্রদান করবে। উল্লেখযোগ্য দাবিগুলির মধ্যে রয়েছে

শারদ উৎসবের আগে শ্রমজীবীদের বোনাস এক্সগ্রেসিয়া প্রদান, বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষদের আর্থিক সহায়তা, বিদ্যুৎ মাশুল কমানো ইত্যাদি। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন সংগঠনের রাজ্য সম্পাদক শঙ্কর প্রসাদ দত্ত ও শ্রমজীবী নারী সংগঠনের কনভেনার পাঞ্চালি ভট্টাচার্য।

*****************************

**Youth Congress/JRBT :**

প্রদেশ যুব কংগ্রেস আজ জেআরবিটি ফলাফল প্রকাশে অনিয়মের অভিযোগে জেআরবিটি বোর্ডের সামনে বিক্ষোভ প্রদর্শন করে। তাদের দাবী গ্রুপ ডি পদে যে মেধা তালিকা প্রকাশিত হয়েছে তার মধ্যে অনেকে ইতিমধ্যে গ্রুপ সি পদে নির্বাচিত হয়ে চাকরি করছেন। ফলে মেধা তালিকার পাশাপাশি একটি অপেক্ষমান তালিকা প্রকাশ করার জন্য তারা আবেদন জানিয়েছিলেন। কিন্তু রাজ্য সরকার সেই আবেদনে সাড়া দেয়নি। প্রদেশ যুব কংগ্রেস সভাপতি নীলকমল সাহা এই অপেক্ষমান তালিকা প্রকাশের দাবি জানানোর পাশাপাশি প্রত্যেক পরীক্ষার্থীর লিখিত এবং মৌখিক পরীক্ষার ফলাফল প্রকাশের ও দাবি জানান।

*****************************

**International Literacy Day-Sepahijala :**

সিপাহীজলা জেলা ভিত্তিক আন্তর্জাতিক স্বাক্ষরতা দিবস আজ বিশালগড় অফিস টিলা দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে উদযাপিত হয়। অনুষ্ঠানে সিপাহীজলা জেলার অতিরিক্ত জেলা শাসক ডি গোয়েল, সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের জেলা আধিকারিক উত্তম কুমার দাস, বিশালগড়ের মহকুমা শাসক রাকেশ চক্রবর্তী প্রমুখ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে মহকুমা শাসক বলেন শুধু অক্ষর জ্ঞান রপ্ত করাই শিক্ষা নয়। যে শিক্ষা মানুষের মানবিক চেতনার উন্মেষ ঘটায়, ভালো মন্দের পার্থক্যের অনুধাবন করায়, তাই প্রকৃত শিক্ষা।

****************************

**TUTCL :**

ত্রিপুরা আরবান ট্রান্সপোর্ট কোম্পানী লিমিটেড (টিইউটিসিএল) কর্তৃপক্ষ রাজ্যের ছাত্রছাত্রীদের জন্য ত্রিপুরা আরবান ট্রান্সপোর্ট কোম্পানী লিমিটেড'র বাসে বাস ভাড়ায় ৫০ শতাংশ ছাড়ের সিদ্ধান্ত গ্রহণ করেছে। ছাত্রছাত্রীরা নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠান এর উপযুক্ত কর্তৃপক্ষ দ্বারা প্রদত্ত পরিচয়পত্র দেখিয়ে টিইউটিসিএল এর বাসে ৫০ শতাংশ ভাড়ায় যাতায়াত করার সুযোগ গ্রহণ করতে পারবে। ত্রিপুরা আরবান ট্রান্সপোর্ট কোম্পানী লিমিটেডের পক্ষ থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****************************

**Chandra Smriti League :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজ বিকালের খেলায় লালবাহাদুর ব্যায়ামাগার জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে অনুষ্ঠিত খেলায় লালবাহাদুর ব্যায়ামাগার ৩-১ গোলে জুয়েলস এসোসিয়েশনকে পরাজিত করে। ফলে তিন পয়েন্ট পায়। ম্যাচে লালবাহাদুরের ভক্ত সাধন জমাতিয়া লালকার্ড দেখে।

**************************************

**Weather :**

আগামী ১১ই সেপ্টেম্বর থেকে ১৪ই সেপ্টেম্বর পর্যন্ত দক্ষিণ জেলা ও সিপাহীজলা জেলার কিছু স্থানে ভারী থেকে অতি ভারী বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। এই সময়ে পশ্চিম জেলা, ধলাই, গোমতি, খোয়াই জেলার বিভিন্ন স্থানে ভারী বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে। আগামীকাল রাজ্যে তাপমাত্রা সর্বোচ্চ ৩৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন সাতাশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা

ছিল পঁয়ত্রিশ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন সাতাশ দশমিক পাঁচ ডিগ্রী সেলসিয়াস।

*******************************